

গোঁসাই বিপিনচাঁদ আর গোপালচাঁদ মন্ত নাম প্রচারে ।
বোকা অমৃত নাম নিল নারে ফেরুর দলে মরে ঘুরে ॥

—অমৃতলাল মিস্ত্রী



১১৩ নং

তাল—একতালা

- এল বহু যুগ পর হরিচাঁদ আমার নাম স্তিমার লইয়া
ছিল যারা অভাবে মরিয়া, পিছে পড়িয়া দলিত হইয়া,
সে জন এলরে পতিতের লাগিয়া ।
- ১। লাগবে না কারুর পয়সা কড়ি, ভক্তি বিশ্বাস মূল্য তারই
ভবপাড়ি দিবার লাগিয়া ।
ভাইরে মন-প্রাণ সরল করিয়া, স্বার্থ ছাড়িয়া কেবল কাঁদিয়া
লওরে প্রেমের টিকিটখানি কাটিয়া রে ।
- ২। গোঁসাই বিপিনচাঁদ সেই টিকিট মাষ্টার, টিকিট চেক করে
গোপালচাঁদ সবার, সাধু প্যাসেঞ্জার ভরিয়া ।
ঐ শোন ছইসেল দিচ্ছে ঘাটে আসিয়া, কেন ভুলিয়া,
কিসে মাতিয়া, রইলি কুমণ্ডপ হইয়া রে ।
- ৩। সে ঘাটে ঘাটে বেড়ায় বেয়ে, আয় না সবে ত্বরায় ধেয়ে,
তোদের হ'য়ে আছে বসিয়ে ।
সে পাপের বোঝা নিবে বহিয়া, যা করণ করিয়া ফলাফল
ছাড়িয়া অমৃত অভয়বাণী শুনল না শুনিয়া রে ॥

—অমৃতলাল মিস্ত্রী